



গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি

GAIBANDHA PALLI BIDYUT SAMITY
ISO 9001 : 2015 Certified

সদর দপ্তর, তুলশীঘাট, গাইবান্ধা।

E-mail : gbandhpbbs@yahoo.com

Website : www.pbs.gaibandha.gov.bd

স্মারক নং-২৭.১২.৩২২৪.৫৬৫.০১.০০৮.২৫. ৪৮৭০

তারিখঃ ২৩ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জুলাই, ২০২৫ খ্রিষ্টাব্দ

“নিলাম বিজ্ঞপ্তি”


গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর যানবাহনের নিম্নবর্ণিত ব্যবহার অযোগ্য টায়ার ও পুরাতন খুচরা যন্ত্রাংশ (যেখানে যে অবস্থায় আছে) ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/ঠিকাদার এর নিকট হতে সাদা কাগজে/নিজস্ব পেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দর আহবান করা যাচ্ছে।

ক্র. নং	বিবরণ	পরিমাণ	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
০১	জীপ ও পিকআপ গাড়ীর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য)	৫২ টি		
০২	মোটর সাইকেল এর টায়ার (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য)	৬৫ টি		
০৩	যানবাহনের খুচরা যন্ত্রাংশ (পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য)	আনুমানিক ৩০০ কেজি (কম/বেশী হতে পারে)		
সর্বমোট মূল্য				

শর্তাবলীঃ


- ০১। আগ্রহী দরদাতাগণ আগামী ১৫/০৭/২০২৫ ইং তারিখ, রোজ মঙ্গলবার, দুপুর ১১:৩০ ঘটিকার মধ্যে পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তরাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি, তুলশীঘাট, গাইবান্ধা এই ঠিকানায় রক্ষিত টেন্ডার বাঞ্ছা নিলাম দরপত্র দাখিল করতে পারবেন। ডাকযোগে এবং নির্ধারিত সময়ের পর কোন দরপত্র দাখিল গ্রহণ করা হবে না। দাখিলকৃত নিলাম দরপত্র স্ব-স্ব স্থানে একই তারিখ অর্থাৎ আগামী ১৫/০৭/২০২৫ ইং তারিখ, রোজ মঙ্গলবার, ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। খামের উপর “যানবাহনের পুরাতন/নষ্ট/ব্যবহার অযোগ্য টায়ার ও খুচরা যন্ত্রাংশ এর নিলাম দর” কথাটি স্পষ্ট আকারে লিখতে হবে।
- ০৩। নিলাম উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ) হারে নিরাপত্তা জামানত গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আকারে জমা দিতে হবে। অন্যথায়, প্রাপ্ত দর বিবেচনা করা হবে না।
- ০৪। মালামালসমূহ আগামী ১৪/০৭/২০২৫ খ্রিঃ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে গাইবান্ধা পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, তুলশীঘাট, গাইবান্ধা এ পরিদর্শন করা যাবে।
- ০৫। মালামালের সর্বোচ্চ বৈধ নিলাম দর দাখিলকারী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট মালামাল নিলামে বিক্রয় করা যাবে।
- ০৬। কৃতকার্য নিলাম দরদাতাকে নিলাম সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ০৭ (সাত) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর) মূল্য বাবদ নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে মালামালসমূহ গ্রহণ করতে হবে। অন্যথায়, প্রাপ্ত জামানত বাজেয়াপ্ত করা হবে।

- ০৭। সরকারী নিয়মানুযায়ী কৃতকার্য নিলাম দরদাতাকে উদ্ধৃত মোট মূল্যের উপর সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও উৎসে কর পরিশোধ করতে হবে।
- ০৮। উক্ত নিলাম বিজ্ঞপ্তির শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সেক্ষেত্রে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ০৯। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দর গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।


 ৭/৭/২৫
 (মোঃ আমজাদ হোসেন)
 সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (উঃঅঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (দর গ্রহণের অনুরোধসহ)।
- ০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।
- ০৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
- ০৪। পুলিশ সুপার, গাইবান্ধা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, -----পবিস-১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ, গাইবান্ধা।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, এসওডি, বাপবিবো, গাইবান্ধা।
- ০৮। ডিজিএম, (কারিগরী-সদর)/গোবিন্দগঞ্জ/বোনারপাড়া জোনাল অফিস, গাইবান্ধা পবিস।
- ০৯। এজিএম(অর্থ-হিসাব/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি), গাইবান্ধা পবিস।
- ১০। এজিএম (আইটি)-পবিসেরে ওয়েবসাইটে প্রকাশ করবেন।
- ১১। মের্সাস-----।
- ১২। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, গাইবান্ধা পবিস।
- ১৩। অফিস/মাস্টার কপি।


 ৭/৭/২৫
 (মোঃ আমজাদ হোসেন)
 সিনিয়র জেনারেল ম্যানেজার
